Bfrant-GB

দৈনিক
ইত্তেফাক

তারিখ 2-1 OCT 2007
পৃ 2 কঃ ৭

# একমুখী শিক্ষা ব্যবস্থা আবারো স্থগিত সংস্কার পদ্ধতির এসএসসি ২০১০ সালে

॥ ইত্তেফাক রিপোর্ট ॥

২০০৮ শিক্ষাবর্ষ থেকে একমুখী শিক্ষা ব্যবস্থা চালুর সিদ্ধান্ত থাকলেও তা আবারো স্থগিত হয়ে গেছে। কবে নাগাদ এ পদ্ধতির শিক্ষা ব্যবস্থা চালু হবে তা অনিশ্চিত। তবে এক বছরের জন্য স্থগিত করার প্রস্তাব শিক্ষা মন্ত্রণালয় অনুমোদন করেছে। এই এক বছরের মধ্যে অসমাপ্ত কাজ সম্পন্ন করা হবে । উপদেষ্টা পরিষদের আগামী বৈঠকে বিষয়টি অনুমোদন করা হবে।

মন্ত্রণালয় সূত্র জানিয়েছে, ২০১২ সালের আগে এ শিক্ষা ব্যবস্থা চালু সম্ভব নাও হতে পারে।। তাছাড়া সরকার একমুখী শিক্ষা ব্যবস্থা স্থগিত রেখে প্রচলিত শিক্ষাক্রমের আওতাতেই নতুন কাঠামোবদ্ধ প্রশ্নের মাধ্যমে পরীক্ষা পদ্ধতি আরো এক বছর পিছিয়েছে। এর ফলে আগামী ২০১০ সালে অনুষ্ঠিতব্য এসএসসি পরীক্ষা থেকে তা কার্যকর হবে।

দেশের মাধ্যমিক স্তরে বিদ্যমান বহুমুখী শিক্ষা কার্যক্রমের আওতায় ৯ম ও ১০ম শ্রেণীতে একজন শিক্ষার্থীকে শিক্ষার বিশেষ শাখা ( বিজ্ঞান, মানবিক, বাণিজ্য) বেছে নিতে হচ্ছে। বর্তমান শিক্ষা ব্যবস্থার স্থলে একমুখী শিক্ষা চালু হলে মাধ্যমিক স্তর পর্যন্ত একজন শিক্ষার্থী ব্যাপক ভিত্তিক সাধারণ শিক্ষায় শিক্ষিত হয়ে উঠবে। এ ধারণা নিয়ে ২০০৬ শিক্ষাবর্ষ থেকে মাধ্যমিক স্তরে (৯ম শ্রেণীতে) একমুখী শিক্ষা প্রবর্তন এবং ২০০৮ সাল থেকে এসএসসি পরীক্ষায় কাঠামোবদ্ধ প্রশ্নের আলোকে পরীক্ষা নেয়ার সিদ্ধান্ত হয়।

২০০৩ সাল থেকে একমুখী শিক্ষা চালুর কার্যক্রম শুরু হয়। এ সময় প্রস্তুতি হিসেবে দেশব্যাপী মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষক, জেলা শিক্ষা অফিসার এবং বোর্ড কর্মকর্তাদের অংশগ্রহণে কর্মশালা ও প্রশিক্ষণ, বিদেশে ৩শ' কর্মকর্তাকে প্রশিক্ষণদানসহ নানা কাজে ইতিমধ্যে (২য় পৃঃ ২-এর কঃ দ্রঃ)

## একমুখী শিক্ষা আরো

(প্রথম পৃঃ পর)

দেড়শ' কোটি টাকা খরচ হয়েছে। কিন্তু শিক্ষাবিদদের ব্যাপক আপত্তির মুখে ২০০৫ সালে সরকার একমুখী শিক্ষা এক বছরের জন্য স্থগিত ঘোষণা করে। পরে ২০০৬ সালের মে মাসে আবারো এক বিজ্ঞপ্তির মাধ্যমে ২০০৭ সালের ডিসেম্বর পর্যন্ত স্থগিত করে। শিক্ষা মন্ত্রণালয়ের একজন কর্মকর্তা ইত্তেফাক'কে জানান, একমুখী শিক্ষা ব্যবস্থা চালু করতে আরো অনেক কাজ বাকি। বিষয়ভিত্তিক শিক্ষক নিয়োগ করতে হবে। অনেক স্কুলে ল্যাবরেটরি নেই । সেখানে ল্যাবরেটরি স্থাপন করতে হবে। এসব কাজ সম্পন্ন করতে সময় প্রয়োজন। একমুখী শিক্ষা ব্যবস্থা চালু করতে হলে স্কুলের ভৌত অবকাঠামো বাড়াতে হবে, নিয়োগ দিতে হবে প্রয়োজনীয়সংখ্যক শিক্ষক। ল্যাবরেটরি তৈরি করতে হবে, কারণ সবাইকে বিজ্ঞান শিখতে হবে। এসব কাজ সমাধা করতে আরো সময়ের প্রয়োজন। আগামী ২০১২ সালের আগে একমুখী শিক্ষা ব্যবস্থা চালু করা সম্ভব হবে না।

চলতি বছর ১৮ জুন সরকার এক বিজ্ঞপ্তিতে ২০০৯ সাল থেকে অনুষ্ঠিতব্য এসএসসি পরীক্ষায় কাঠামোবদ্ধ প্রশ্নের আলোকে পরীক্ষা হবে বলে ঘোষণা করে। ২০০৭ সাল থেকেই এ পরীক্ষা পদ্ধতির আলোকে বিদ্যালয়ের অভ্যন্তরীণ পরীক্ষা অনুষ্ঠানের নির্দেশ দেয়া হয়। কিন্তু বছরের ৬ মাস অতিক্রান্ত হবার পর সরকারের এ সিদ্ধান্তে অভিভাবক ও শিক্ষকরা আপত্তি তোলেন। তাছাড়া এ পদ্ধতি সম্পর্কে শিক্ষকদের তেমন কোন ধারণাও ছিল না। পরে সরকার সংস্কার পদ্ধতির এ পরীক্ষা এক বছর পিছিয়ে ২০১০ সাল থেকে কার্যকর করার সিদ্ধান্ত নেয়। এর ফলে ২০০৮ শিক্ষাবর্ষের নবম শ্রেণীর শিক্ষার্থীদের কাঠামোবদ্ধ প্রশ্নের আওতায় ২০১০ সালে এসএসসি পরীক্ষা দিতে হবে।